

নতুন শাখার কার্যক্রমের শুভ উদ্বোধন



জানুয়ারি মাসে টাঙ্গাইলে ৩টি, পঞ্চগড়ে ৩টি, ঠাকুরগাঁও এ ৩টি, হবিগঞ্জে ১টি, সিলেটে ১টি, সুনামগঞ্জে ২টি এবং মৌলভীবাজার জেলায় ১টি সর্বমোট ১৪টি নতুন শাখার কার্যক্রমের শুভ উদ্বোধনের মাধ্যমে ঋণ বিতরণ কার্যক্রমের সম্প্রসারণ করেছে শক্তি ফাউন্ডেশন। উক্ত উদ্বোধনী অনুষ্ঠানে স্থানীয় জনপ্রতিনিধি এবং এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। দেশের প্রত্যন্ত অঞ্চলে আর্থিক সেবা পৌঁছে দেওয়ার লক্ষ্যে শক্তি ফাউন্ডেশন এর এই কার্যক্রম অব্যাহত থাকবে।

কুমিল্লার তিতাসে কড়িকান্দি ইউনিয়নে সমৃদ্ধি কর্মসূচির যাত্রা শুরু



কুমিল্লার তিতাস উপজেলার কড়িকান্দি ইউনিয়নে দুইটি ইউনিয়নে সম্প্রসারিত হলো শক্তির সমৃদ্ধি কর্মসূচি। গত ১ জানুয়ারি কড়িকান্দি ইউনিয়নের ৯টি ওয়ার্ডে ১৮টি শিক্ষা সহায়তা কেন্দ্র এবং ১ জন স্বাস্থ্য কর্মকর্তা ও ৯ জন স্বাস্থ্য পরিদর্শক নিয়ে স্বাস্থ্যসেবা কার্যক্রম উদ্বোধন করা হয়। এর পাশাপাশি সেখানে কৈশোর, যুব, প্রবীণসহ অন্যান্য কার্যক্রমও পরিচালনা করা হবে। এসব কার্যক্রমের মাধ্যমে তিতাস উপজেলার ৯টি ইউনিয়নের প্রায় ২ লাখ মানুষের জীবনমান উন্নয়নে ভূমিকা রাখবে শক্তি ফাউন্ডেশন এর এ কর্মসূচি।

শুকনো পাতায় ছবি আঁকার এক রঙিন দিন



নতুন বছরের শুরুতে মিরপুর বুদ্ধি প্রতিবন্ধী ও অটিস্টিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য আয়োজন করা হয়েছিল শুকনো পাতায় ছবি আঁকার এক রঙিন দিন। শিক্ষার্থীরা তাদের সৃজনশীলতাকে উন্মুক্ত করে তুলির আঁচড়ে ফুটিয়ে তুলেছে রঙিন স্বপ্ন। শুধু আনন্দেরই নয়, তারা শিখেছে পরিবেশের যত্ন নেওয়ার গুরুত্বও—শুকনো পাতা পোড়ানো যে পরিবেশের ক্ষতি করে, সেই বার্তা তাদের জানানো হয়েছে। শক্তি ফাউন্ডেশন ভবিষ্যতেও এ ধরনের উদ্যোগের মাধ্যমে বিশেষ চাহিদাসম্পন্ন শিশুদের পাশে থাকার অঙ্গীকারবদ্ধ।

শীতর্তদের মাঝে শীতবস্ত্র বিতরণ



শীতর্ত অসহায় ও দুস্থ মানুষের মাঝে উষ্ণতা ছড়াতে প্রতি বছরের ন্যায় এই বছরও শীতবস্ত্র বিতরণ করেছে শক্তি ফাউন্ডেশন। শ্রীমঙ্গলে চা শ্রমিক, রংপুর, যশোর ও ঢাকাস্থ বৃদ্ধাশ্রমসহ রাজশাহীর বুদ্ধি প্রতিবন্ধী স্কুলে ৪০০ জনের মাঝে কম্বল বিতরণ করা হয়।

স্যার জন উইলসন স্কুলে শক্তির মজাদার আয়োজন



২৫ জানুয়ারি স্যার জন উইলসন স্কুলের কার্নিভালে অংশ নিয়েছে শক্তি ফাউন্ডেশন। এদিন শক্তির স্টলে শিক্ষার্থীরা নাসা গ্লোব প্রোগ্রামের অধীনে বিজ্ঞান শিক্ষার ক্ষেত্রে দু'টি মজাদার পরীক্ষায় অংশ নেয়। এছাড়াও তারা বায়ুদূষণ সচেতনতামূলক এয়ার কোয়ালিটি ইনডেক্স মনিটর বোর্ড ও স্কুল বাস সম্পর্কেও জেনেছে, যা পরিবেশ রক্ষায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

সমৃদ্ধি কর্মসূচির ফ্রি মেডিকেল ক্যাম্প আয়োজন



কুমিল্লার তিতাস উপজেলার কড়িকান্দি ইউনিয়নে নতুন বছরে সমৃদ্ধি কর্মসূচির কার্যক্রম শুরু করেছে শক্তি ফাউন্ডেশন। এরই ধারাবাহিকতায় ইউনিয়নের রাজাপুর প্রাথমিক বিদ্যালয়ে বিশেষজ্ঞ ডাক্তারের মাধ্যমে ফ্রি মেডিক্যাল ক্যাম্প পরিচালনা করা হয়। এতে নারী-শিশু ও প্রবীণসহ প্রায় ২০০ জনকে ফ্রি স্বাস্থ্যসেবা ও ঔষধ প্রদান করা হয়।

নারী কর্মীদের জন্য আবাসন সুবিধা চালু করলো শক্তি ফাউন্ডেশন

মাঠ পর্যায়ে নারী কর্মীদের জন্য আবাসন সুবিধা চালু করার মাধ্যমে কর্মী বান্ধব প্রতিষ্ঠান হিসেবে আরও একধাপ এগিয়ে গেল শক্তি ফাউন্ডেশন। ইতোমধ্যে মিরপুর এবং টঙ্গী এলাকায় ৬ জন নারী কর্মীর জন্য আবাসন সুবিধা কার্যকর করা হয়েছে। ভবিষ্যতে অন্যান্য অঞ্চলেও এই সুবিধা সম্প্রসারিত করার প্রক্রিয়া চলছে। এই পদক্ষেপ নারী কর্মীদের সুরক্ষা নিশ্চিত করার পাশাপাশি তাদের কাজের প্রতি অনুপ্রেরণা ও প্রতিশ্রুতি বাড়াতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

একনজরে শক্তি (জানুয়ারি ৩১, ২০২৫)

বিভাগ

৮

জোন

১১৪

জেলা

৫৭

রিজিয়ন

২৭

শাখা

৫৬৪

সদস্য সংখ্যা

৪৮৭,০৫২

ঋণী সংখ্যা

৩৭৮,২৭৮ জন



সঞ্চয় স্থিতি

১১৫৯.৮১

কোটি টাকা



ঋণস্থিতি

২,৮৫০.৫৪

কোটি টাকা



কর্মী সংখ্যা

৫২০০ জন



প্রধান কার্যালয়
শক্তি ভবন, বাড়ি নং-০৪,
রোড নং-০১, ব্লক-এ, সেকশন-১১
মিরপুর, পল্লবী, ঢাকা - ১২১৬



+৮৮ ০৯৬১৩-৪৪৪১১১
+৮৮ ০২-৫৮০৫২০৩১
+৮৮ ০১৮১৯৮৫০১৪৮

www shakti.org.bd

f /SFDWbd

in /company/sfdwbd